

## ভর্তি

# এমবিবিএস-বিডিএস কোর্স বিদেশি শিক্ষার্থীদের ভর্তির পুনর্বিজ্ঞপ্তি

নিজস্ব প্রতিবেদক ঢাকা



বাংলাদেশের বেসরকারি মেডিকেল, ডেন্টাল কলেজ ও ডেন্টাল কলেজের সব ইউনিটে বিদেশি শিক্ষার্থীদের জন্য ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তির পুনর্বিজ্ঞপ্তি প্রকাশ করেছে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের চিকিৎসা শিক্ষা অধিদপ্তর (ডিজিএমই)। শিক্ষার্থীদের ভিন্ন ভিন্ন কলেজে আলাদাভাবে আবেদন করতে হবে।

## ভর্তির যোগ্যতা

- এসএসসি, ও লেভেল, দশম শ্রেণি বা সমমানের পরীক্ষায় ২০১৯ সালের আগে এবং এইচএসসি, এ লেভেল, দ্বাদশ শ্রেণি বা সমমান পরীক্ষায় ২০২১ সালের আগে পাস করলে আবেদন করা যাবে না।
- এসএসসি, ও লেভেল বা সমমান এবং এইচএসসি, এ লেভেল বা সমমান পরীক্ষার মোট জিপিএ কমপক্ষে সাত (৭) থাকতে হবে। জীববিজ্ঞানে জিপিএ কমপক্ষে ও দশমিক ৫ থাকতে হবে।

### প্রয়োজনীয় কাগজপত্র

- সব কাগজপত্র নিজ নিজ দেশের শিক্ষা ও পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে সত্যায়িত করে নিতে হবে।
- অনলাইনে আবেদনের সময় পাসপোর্ট, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবিসহ সব কাগজপত্র সংযুক্ত করতে হবে।

- আবেদনকারীকে শিক্ষাগত যোগ্যতার সব সনদ, মার্ক শিট বা ট্রান্সক্রিপ্ট শিট ও প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রের মূল কপি ভর্তির সময় দেখাতে হবে।

## টিউশন ও আবেদন ফি

- বেসরকারি মেডিকেল, ডেন্টাল কলেজ অথবা ডেন্টাল ইউনিটগুলো থেকে টিউশন ফি-বিষয়ক তথ্য সরাসরি সংশ্লিষ্ট কলেজ থেকে সংগ্রহ করতে হবে।
- প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই অফেরতযোগ্য ১০০ মার্কিন ডলার প্রদান করতে হবে।

## আবেদন শেষ করে

আগামী প্রার্থীরা ৩০ জুনের মধ্যে অনলাইনে আবেদন করতে পারবেন।

## আবেদন জমাদানের লিংক

আগামী প্রার্থীরা এ প্রয়োজনীয় [আরও তথ্য](#) পাবেন।



 **prothomalo.com**

---

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো